



Ph. : (0381) 232 3355  
232 2912

# Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, Pin - 799 001

Ref. No. ....

প্রেস রিলিজ  
মহিলা কমিশন

Date .....

'গণস্বর্গের শিকার কিশোরী

গত ২০/৯/০৯ তারিখে 'সৈনিক সংবাদ' পত্রিকায় এই স্পর্শকাতর খবরের ভিত্তিতে ঘটনার সত্যানুসন্ধান কালবিলম্ব না করে ত্রিপুরা মহিলা কমিশনের সহ-সভানেত্রী শ্রীমতী শিউলি দেবর্ষমার নেতৃত্বে সদস্যা শ্রীমতী নিজ দেবর্ষমা ও কাউন্সেলর শ্রীমতী সাহা অমরপুরের সলুমা গ্রামে পৌছান ২৪/৯/০৯ তারিখে। বীরগঞ্জ থানার পুলিশের সহায়তায় উক্ত গ্রামে মেয়েটির সঙ্গে যোগাযোগ করা হয়। ষষ্ঠ শ্রেণীতে পাঠরতা ১৪ বছরের সবিতার (কল্পিত নাম) সঙ্গে বিশদ আলোচনা করে খবরের সত্যতা প্রমাণিত হয়। মেয়েটির কথামত ১৯/৯/০৯ তারিখে সে গ্রামের বাড়ী থেকে লাগগিরিতে দাদুর বাড়ীতে বেড়াতে যায়। পরের দিন পাশের বাড়ীর জনৈক গোবিন্দ সাকন জমাতিয়া গুরুফে গুনুকাই জমাতিয়া সঙ্গে বেলা তাকে বেড়াতে যাবার নাম করে নিয়ে যায়। ছেলেটি তার বাহুবীর প্রেমিক হিসাবে পরিচিত ছিল। হঠাৎই ছেলেটি মেয়েটির হাতের রুমাল নিয়ে তার মুখ চাপা দিয়ে তাকে জঙ্গলে নিয়ে যায়। সেখানে আগে থেকে আরও চার/পাঁচটি ছেলে উপস্থিত ছিল। তারা মেয়েটিকে দড়ি দিয়ে হাত পা বেঁধে বিবদ্ধ করে তার উপর পাশবিক অত্যাচার করে। বাধা নিলে তাকে মারধোরও করা হয়। অতিরিক্ত অত্যাচারে সে একসময় জ্ঞান হারিয়ে ফেলে। কিছুক্ষন পরে জ্ঞান ফিরলে সে বুঝতে পারে তার হাত-পা খোলা। অজ্ঞকরে কোনক্রমে উঠে সে বাড়ীতে পৌছায়। ঘটনার কথা বাড়ীতে জানালে পরের দিন সামাজিক কিারসভার ব্যবস্থা করা হয়। কিন্তু সভায় অভিযুক্তরা উপস্থিত না থাকায় ২১/৯/০৯ তারিখে অমরপুরের বীরগঞ্জ থানায় অভিযোগ নবীভুক্ত করা হয়। থানা থেকে মেয়েটিকে মেডিক্যাল পরীক্ষার জন্য পাঠানো হলে ধর্ষণ প্রমাণিত হয়। কমিশনের সদস্যরা আরও জানতে পারেন থানার অফিসাররা অকৃতান্ত পরিশ্রম করে শিলং-এ পলাতক অভিযুক্তদের সন্ধান করতে পেরেছেন।

উদ্বিগ্ন কমিশনের তরফে পুলিশের সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে আরও একটু তৎপর হয়ে অভিযুক্তদের চোপ্তার করার জন্য অনুরোধ জানানো হয়। কমিশনের তরফে ধর্মিতা মেয়েটির চিকিৎসার জন্য দুহাজার টাকা সাহায্য করা হয়েছে।

21-9-2009

Member Secretary

Commission for Women